

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারা অধিদপ্তর  
৩০/৩ উমেশ দত্ত রোড, বকশি বাজার, ঢাকা-১২১১।  
[www.prison.gov.bd](http://www.prison.gov.bd)


পত্র নং-৫৮.০৪.০০০০.০২৪.০৩.০০৪.২০২১- ৯২

তারিখঃ ০৭ চৈত্র ১৪২৭  
২৬ মার্চ ২০২১

বিষয়ঃ বাংলাদেশ জেল পোষাক নীতিমালা অনুসরণ করে ও যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন নিয়ে র্যাংক-ব্যাজ পরিধান প্রসঙ্গে।

ইদানিং লক্ষ্য করা যাচ্ছে যে, বাংলাদেশ জেল এর কিছু কর্মকর্তা/কর্মচারী ভারপ্রাপ্ত, চলতি দায়িত্বে পদায়িত হয়ে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন না নিয়ে নিজের ইচ্ছেমত র্যাংক-ব্যাজ পরিধান করছেন, যা বাংলাদেশ জেল এর মত একটি সুশৃঙ্খল বাহিনীর ক্ষেত্রে কোনো ভাবেই কাম্য নয়। এতে কারা বিভাগের সুনাম হানি ঘটছে ও বিশৃঙ্খলার সৃষ্টি হচ্ছে।

অত্রএব, বাংলাদেশ জেল পোষাক নীতিমালা অনুসরণ করে ও যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন নিয়ে র্যাংক-ব্যাজ পরিধান করার জন্য সকল কারা কর্মকর্তা/কর্মচারীকে নির্দেশ প্রদান করা হলো। অন্যথায় এর ব্যত্যয় ঘটলে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

  
মোঃ আব্বার হোসেন  
কর্নেল  
অতিরিক্ত কারা মহাপরিদর্শক  
পক্ষে-কারা মহাপরিদর্শক  
ফোনঃ ৫৭৩০০২২২ (দপ্তর)।  
addl.ig@prison.gov.bd

- ১। কারা উপ-মহাপরিদর্শক, সকল বিভাগ, সকল সদর দপ্তর।
- ২। সিনিয়র জেল সুপার/জেল সুপার, সকল কেন্দ্রীয়/জেলা কারাগার।

অনুলিপিঃ

- ১। সহকারী কারা মহাপরিদর্শক (সকল), কারা অধিদপ্তর, ঢাকা।
- ২। পরিচালক, কারা প্রশিক্ষণ ইনস্টিটিউট, কারা অধিদপ্তর, ঢাকা।
- ৩। প্রশাসনিক কর্মকর্তা-১/২, পরিসংখ্যানবিদ/বাজেট অফিসার, কারা অধিদপ্তর, ঢাকা।
- ৪। ভারপ্রাপ্ত কর্মকর্তা, প্রিজন্স ইন্টেলিজেন্স ইউনিট, কারা অধিদপ্তর, ঢাকা।
- ৫। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারা অধিদপ্তর, ঢাকা। (ওয়েবসাইটে প্রকাশের জন্য)
- ৬। শাখা প্রধান (সকল শাখা) কারা অধিদপ্তর, ঢাকা।
- ৭। কারা মহাপরিদর্শক/অতিরিক্ত কারা মহাপরিদর্শক/কারা উপ-মহাপরিদর্শক এর ব্যক্তিগত সহকারী। কারা অধিদপ্তর, ঢাকা। কর্মকর্তাগণের সদয় অবগতির জন্য।